

ফোন #০৭৪১-৬২৫৯৯

e-mail : naogaonpbs1@gmail.com

Web : www.naogaonpbs1.org

Portal : pbs.naogaon.gov.bd

## নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৪৬.০১.০৩৮.২০. ৪১৬৯

তারিখ -

১৪ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ।

২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ।

### “ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি ”

নিম্নের বর্ণনা অনুযায়ী নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় অত্র পবিসের গ্রাহকগণের কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম ছাপানোর জন্য প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেডপ্যাডে মূল্য জানানোর জন্য অনুরোধ করা হলো।


ক্রঃ নং (০১)	মালামালের বিবরণ (০২)	চাহিদা (০৩)	উদ্ধৃত দর (টাকা)	
			একক মূল্য	মোটমূল্য
০১	<b>কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরমঃ</b> এক পাতার (বাংলা) ৭০ GSM অফসেট পেপার। ৮.৫" x ১১" সাইজ কাগজ (অভ্যন্তরীণ আকার) সহ উভয় পার্শ্বে পারফোরেশন এবং প্রিন্ট ট্রাস্টার/রোলারের জন্য ডাষ্ট ফ্রি স্টার পাঞ্চ। উভয় পৃষ্ঠায় ট্রাই কালার অফসেট ছাপা। প্রতি পৃষ্ঠার মাঝে পারফোরেশন। ফর্মের পাদদেশে সরবরাহকারী/মুদ্রণ প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকবে। প্রতি প্যাকেটে ২,০০০ টি শীট (কন্টিনিউয়াস শীটে) থাকতে হবে। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্রমুক্ত ২০০০টি শীটের ন্যূনতম ওজন ৯.৩৩ কেজি (সর্বনিম্ন) হবে। কাগজের মান, আকার, ছাপার রং, কাগজে ছাপার অবস্থান, পারফোরেশন প্রভৃতি সকল বিষয় সমিতির নমুনা মোতাবেক হতে হবে।	২৪০ বক্স (প্রতি বক্সে ২০০০ শীট, মোট=৪,৮০,০০০ শীট) (চার লক্ষ আশি হাজার) শীট		
মোট=				

কথায়ঃ-----।

#### শর্তাবলী:

- ০১। দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও স্থানঃ দরপত্র আগামী ১০/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চকবিরাম, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে এবং ঐ দিনই ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৩। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ দরপত্র দলিলের 'মূল্য ও মালামাল তালিকায়' উল্লেখিত মালামাল হতে হ্রাস/বৃদ্ধি করার অধিকার ক্রেতা সংরক্ষণ করেন। তবে এই হ্রাস/বৃদ্ধির পরিমাণ ২০(কুড়ি) শতাংশের অধিক হবে না।
- ০৪। উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।
- ০৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান বিদ্যুৎ বিল ফরমের প্রুফ কপি অত্র সমিতি কর্তৃপক্ষ এর নিকট প্রদর্শন পূর্বক নিশ্চিত হওয়া সাপেক্ষে বিদ্যুৎ বিল ফরম প্রস্তুত করতে হবে।


- ০৬। সরবরাহতব্য মালামাল সম্পূর্ণ নূতন এবং ত্রুটিমুক্ত হবে। মালামাল সরবরাহের ০৬ মাসের মধ্যে কোন ত্রুটি পরিলক্ষিত হলে কিংবা স্পেসিফিকেশন বহির্ভূত মালামাল সরবরাহ করা হয়েছে বলে প্রমানিত হলে সরবরাহকারীকে ক্রেতার নির্দেশ অনুযায়ী অনধিক ৭ দিনের মধ্যে মালামাল ত্রুটিমুক্ত/ প্রতিস্থাপন করতে হবে।
- ০৭। মালামাল সরবরাহের পর পবিস পরিদর্শক(গণ) কর্তৃক পরিদর্শন করা হবে। পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হলে বিল ও চালান দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৮। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ২৫(পঁচিশ) দিনের মধ্যে মালামাল নিজ খরচে সমিতির সদর দপ্তরে পৌঁছে দিতে হবে।
- ০৯। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর  $\frac{1}{30}$  অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ১০। নিরাপত্তা জামানত হিসেবে ১০% অর্থ মোট বিল হতে কর্তন করা হবে যা ০৬(ছয়) মাস পর সরবরাহকৃত মালামালের কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত না হলে নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে। সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর প্রযোজ্য হবে।
- ১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(মোঃ রবিউল হক)  
জেনারেল ম্যানেজার  
নওগাঁ পবিস-১।

**অনুলিপিঃ- নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহঃ**

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি), বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক / পুলিশ সুপার, নওগাঁ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার ----- পবিস ১/২/৩/৪।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ।
- ০৬। মেয়র, নওগাঁ পৌরসভা, নওগাঁ।
- ০৭। এ জি এম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা), নওগাঁ পবিস-১।
- ০৮। মেসার্স -----
- ০৯। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, নওগাঁ পবিস-১।
- ১০। অফিস/মাস্টার কপি।

সদয় অবগতি ও  
প্রচারের নিমিত্তে

  
(মোঃ আব্দুর রহমান)  
এজিএম (প্রশাসন/এইচআর)।